গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০১৭.১৯.১৯ তারিখ: ১১ মাঘ ১৪৩০ / ২৫ জানুয়ারী ২০২৪

**পরিপত্র**

**বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রথম প্রবেশ পর্যায়ে (Entry Level) শিক্ষক নিয়োগে অনুসরণীয় পদ্ধতি।**

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ (২০০৫ সনের ১ নং আইন)-এর ধারা ৮ (ট) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক উক্ত আইনের ধারা ২ (ঝ)-তে বর্ণিত 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রথম প্রবেশ পর্যায়ে শিক্ষক নিয়োগে সুপারিশ প্রদানের দায়িত্ব বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এন.টি.আর.সি.এ.) উপর অর্পণপূর্বক এ বিষয়ে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো:

১.০. **প্রযোজ্যতা:** বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের লক্ষ্যে অনুসরণীয় এ পদ্ধতি কেবল প্রথম প্রবেশ পর্যায়ের (Entry Level) শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে। প্রতিষ্ঠান প্রধান বা সহকারী প্রধানসহ যে সব শিক্ষক পদে নিয়োগের জন্য অভিজ্ঞতার প্রয়োজন রয়েছে সে সব পদে নিয়োগের ক্ষেত্রে এ পদ্ধতি প্রযোজ্য হবে না।

২.০. **নিবন্ধন পরীক্ষার জন্য চাহিদা পত্র প্রেরণ:** প্রত্যেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট ম্যানেজিং কমিটি অথবা গভর্নিং বডির অনুমোদনক্রমে পরবর্তী পঞ্জিকা বছরে তার প্রতিষ্ঠানের শিক্ষকদের নিয়োগযোগ্য পদের একটি চাহিদাপত্র উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এর নিকট প্রেরণ করবেন।

২.১. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার তার উপজেলা/ থানার প্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা একীভূত করে ৩১ অক্টোবরের মধ্যে একটি সংকলিত/সমন্বিত চাহিদাপত্র জেলা শিক্ষা অফিসার এর নিকট প্রেরণ করবেন।

২.২. জেলা শিক্ষা অফিসার উক্ত চাহিদাসমূহ একীভূত করে ৩০ নভেম্বরের মধ্যে জেলার একটি সংকলিত /সমন্বিত চাহিদাপত্র (Hard Copy ও Soft Copy) এন.টি.আর.সি.এ.-তে প্রেরণ নিশ্চিত করবেন।

৩.০. **নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও মেধা তালিকা প্রণয়ন:** এন.টি.আর.সি.এ. দেশের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রথম প্রবেশ পর্যায়ের (Entry Level) শিক্ষকদের নিয়োগযোগ্য পদের সমন্বিত চাহিদার আলোকে বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ অনুসারে নিবন্ধন পরীক্ষা (প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক) গ্রহণ করবে এবং পদভিত্তিক চাহিদার পরিপ্রেক্ষিতে মেধার ভিত্তিতে ফলাফল প্রণয়নপূর্বক ঘোষণা করবে। একই সাথে পূর্ববর্তী নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ও সর্বশেষ পরীক্ষায় উত্তীর্ণদের অন্তর্ভুক্ত করে এবং ইতঃপূর্বে নিবন্ধিত মেধা তালিকা বর্হিভূত প্রার্থীদের ক্ষেত্রে ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সম্মিলিত জাতীয় মেধা তালিকা হালনাগাদ করবে।

চলমান পাতা-০২

৪.০. **নিয়োগ সুপারিশের জন্য চাহিদা গ্রহণ, বিজ্ঞপ্তি প্রকাশ ও বাছাই/ নির্বাচন:** বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডির অনুমোদনক্রমে প্রথম প্রবেশ পর্যায়ের (Entry Level) শিক্ষক নিয়োগের লক্ষ্যে পদ শূন্য হওয়ার সাথে সাথে প্রতিষ্ঠানের জনবল কাঠামোতে সরকার নির্ধারিত কোটার প্রাপ্যতা উল্লেখপূর্বক উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে এন.টি.আর.সি.এ.-তে অনলাইনে চাহিদা প্রেরণ করবেন। অনলাইনে চাহিদা প্রেরণের জন্য এন.টি.আর.সি.এ.-এর সংশ্লিষ্ট ওয়েবলিংক খোলা থাকবে। শূন্যপদের সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে এন.টি.আর.সি.এ. প্রয়োজনে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান বুরো (ব্যানবেইস) অথবা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সহায়তা গ্রহণ করবে।

৪.১. শূন্যপদের চাহিদা প্রাপ্তি সাপেক্ষে এন.টি.আর.সি.এ. প্রয়োজনে তিন মাস অন্তর নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করতে পারবে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত চাহিদা অনুযায়ী তিন মাসের মধ্যে প্রাপ্ত শূন্যপদের ভিত্তিতে ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করবে এবং নিবন্ধিত প্রার্থীগণ বিজ্ঞপ্তি প্রচারের ১৫ (পনের) দিন অথবা এন.টি.আর.সি.এ. কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করবেন।

৪.২. অনলাইনে আবেদন গ্রহণের সময় শেষ হওয়ার পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে শূন্যপদের চাহিদা অনুযায়ী প্রতিটি পদের বিপরীতে প্রার্থীদের পছন্দ ও মেধার ভিত্তিতে একজন করে প্রার্থী নির্বাচন করবে এবং তা প্রার্থী ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করবে। এন.টি.আর.সি.এ. প্রয়োজনে প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্যে তথ্য/ সার্টিফিকেট/ সনদ নির্বাচিত প্রার্থীকে দাখিল করতে বলতে পারবে। কেউ শিক্ষাগত যোগ্যতার সনদ বা চাহিত তথ্য প্রদান না করলে তাকে সুপারিশের জন্য বিবেচনা করা হবে না।

৪.৩. প্রাথমিক নির্বাচনের ফলাফলের পর কোনো শিক্ষা প্রতিষ্ঠানের শূন্যপদে প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় অনলাইনে শূন্যপদের চাহিদা প্রেরণ করবে।

৫.০. **নির্বাচিত প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন (ভি-আর) ফরম দাখিল:** এন.টি.আর.সি.এ. কর্তৃক প্রার্থী নির্বাচনের পর নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে পুলিশ ভেরিফিকেশনের লক্ষ্যে ভি-আর ফরম দাখিলের অনুরোধ জানানো হবে।

৫.১. এন.টি.আর.সি.এ. প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নিকট থেকে পুলিশ ভেরিফিকেশনের জন্য প্রয়োজনীয় ভি-আর ফরম প্রাপ্তির পর তা শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মধ্যে কেউ পুলিশ ভেরিফিকেশনের জন্য ভি-আর ফরম দাখিল না করলে তাকে নিয়োগ সুপারিশের জন্য বিবেচনা করা হবে না।

চলমান পাতা-০৩

৬.০. **নিয়োগ সুপারিশপত্র ও নিয়োগপত্র প্রদান:** নির্বাচিত প্রার্থী চাকুরির জন্য উপযুক্ত মর্মে পুলিশ প্রতিবেদন প্রাপ্তির ভিত্তিতে অথবা ক্ষেত্র বিশেষে পুলিশ ভেরিফিকেশন চলমান অবস্থায় শর্ত সাপেক্ষে নিয়োগ সুপারিশ প্রদানের বিষয়ে সরকারের পূর্বানুমোদনের ভিত্তিতে এন.টি.আর.সি.এ. নিয়োগ সুপারিশ প্রদানপূর্বক প্রার্থী এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করবে। সে অনুসারে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে ক্ষেত্রমত ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি সুপারিশপ্রাপ্ত প্রার্থীকে ০১ (এক) মাসের মধ্যে নিয়োগপত্র প্রদান করবে।

৭.০. **কর্মরত শিক্ষকদের আবেদনে প্রতিবন্ধকতা:** কর্মরত শিক্ষকগণের (ইনডেক্সধারী) ক্ষেত্রে সমপদে নিয়োগ সুপারিশের পুনঃআবেদন বিবেচনা করা হবে না। তবে, কর্মরত পদ ব্যতীত অন্য কোনো উচ্চতর বা নিম্নতর পদের জন্য এন.টি.আর.সি.এ.-এর প্রত্যয়নপত্র থাকলে ইনডেক্সধারী শিক্ষকগণ উক্ত অন্য পদের জন্য আবেদন করতে পারবেন।

৮.০. **পরিপত্রের সাথে সঙ্গতিপূর্ণ বিধি-বিধান প্রণয়ন:** মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা বোর্ডসমূহসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের বিদ্যমান বিধি-বিধান ইত্যাদি-তে বেসরকারি শিক্ষক নিয়োগের লক্ষ্যে পরীক্ষা গ্রহণ, প্রার্থী বাছাই ও নিয়োগের বিষয়ে বর্ণিত কোনো বিধি-বিধান যদি বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ ও বর্তমান পরিপত্রের সাথে সাংঘর্ষিক হয়, তাহলে উক্ত বিধি-বিধান সংশোধনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ পরিপত্র জারির ৩ (তিন) মাসের মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

৯.০. **অযোগ্যতা:** কোনো প্রার্থীর বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুসারে কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকলে অথবা সংশ্লিষ্ট বিষয় ও পদের (post) জন্য এন.টি.আর.সি.এ. প্রদত্ত প্রত্যয়নপত্র না থাকলে অথবা এন.টি.আর.সি.এ. প্রদত্ত প্রত্যয়নপত্রের মেয়াদ (উপযুক্ত কর্তৃপক্ষ/ আদালত কর্তৃক নির্ধারিত) উত্তীর্ণ হলে অথবা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরিতে প্রবেশের জন্য সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা উত্তীর্ণ হলে তিনি নিয়োগ সুপারিশের জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

১০.০. **পূর্ববর্তী পরিপত্র বাতিল ও উহার চলমান কার্যক্রম হেফাজত:** (ক) গত ১১ নভেম্বর ২০১৫ তারিখে জারিকৃত ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫.(অংশ)-৯৪২ নং পরিপত্র এবং (খ) গত ৩০ ডিসেম্বর, ২০১৫ খ্রি: তারিখে জারিকৃত ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫. (অংশ)-১০৮১ নং পরিপত্র এতদ্বারা বাতিল করা হলো। তবে, উক্ত পরিপত্র/ বিজ্ঞপ্তি/ নীতিমালা/ নির্দেশিকা/ স্মারক-এর আলোকে কোনো কাজ চলমান থাকলে তা ঐ পরিপত্রের আওতায় নিস্পত্তি করতে হবে।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৫.০১.২০২৪
সোলেমান খান
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০১৭.১৯.১৯

তারিখ: ১১ মাঘ ১৪৩০ / ২৫ জানুয়ারী ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যায়/ উপাচার্য, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়।
৫। অতিরিক্ত সচিব (কলেজ /মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.), রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৪), ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
৭। মহাপরিচালক ,মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
৮। বিভাগীয় কমিশনার .......................................(সকল)।
৯। মহাপরিচালক ,মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন ,ঢাকা।
১০। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
১১। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১নং সোবারগাঁও রোড, পলাশী, নিলক্ষেত, ঢাকা।
১২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ............ (সকল)/ কারিগরি শিক্ষা বোর্ড, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
১৩। যুগ্মসচিব (কলেজ-১ /সরকারি মাধ্যমিক অধিশাখা/ বেসরকারি মাধ্যমিক অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। জেলা প্রশাসক, ....................(সকল)।
১৫। রেজিস্ট্রার জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর।
১৬। উপসচিব/ সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব, (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ,ঢাকা।
১৭। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ), শিক্ষা ভবন, ঢাকা।
১৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ,.....................অঞ্চল, ......................।
২০। জেলা শিক্ষা অফিসার/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার..............(সকল)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ১/ক সেগুন বাগিচা, ঢাকা ।
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিস্টেম এনালিষ্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অফিস কপি /সংরক্ষণ কপি।

২৫.০১.২৪

(মোহাম্মদ সুহেল মাহমুদ)
উপসচিব